# যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যাম




যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যাম। ছবি: সংগৃহীত

ক্ষমতাসীন লেবার পার্টির নেতা অ্যান্ডি বার্নহ্যাম যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। সোমবার (২০ জুলাই) বাকিংহাম প্যালেসে রাজা তৃতীয় চার্লসের সঙ্গে সাক্ষাতের পর তাকে আনুষ্ঠানিকভাবে দেশের ৫৯তম প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দেওয়া হয়। এর মধ্য দিয়ে গত এক দশকে সপ্তম প্রধানমন্ত্রী পেল যুক্তরাজ্য।

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর ১০ ডাউনিং স্ট্রিটের সামনে দেওয়া প্রথম ভাষণে গাজা ইস্যুতে লেবার পার্টির পূর্ববর্তী অবস্থান নিয়ে দুঃখ প্রকাশ করেন বার্নহ্যাম। তিনি বলেন, ইসরায়েলের ওপর দ্রুত কূটনৈতিক চাপ বাড়ানোর উদ্যোগ নেবে তার সরকার।

এর আগে সাবেক প্রধানমন্ত্রী কেইর স্টারমার রাজা তৃতীয় চার্লসের কাছে আনুষ্ঠানিকভাবে পদত্যাগপত্র জমা দেন। এরপর সাংবিধানিক প্রক্রিয়া অনুসরণ করে অ্যান্ডি বার্নহ্যামকে সরকার গঠনের দায়িত্ব দেওয়া হয়।

LENS ASIA